নিদর্শ - ৬

[নিয়ম -১৩(১) ও -২৬ দ্রষ্টব্য]

নির্বাচক তালিকায় নাম-অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্র

সম্প্রতি তোলা সম্পূর্ণ মুখমণ্ডলের সম্মুখ দিকের পাসপোর্ট - সাইজ (৩.৫ সে.মি. X ৩.৫ সে.মি.) ফোটোগ্রাফ লাগানোর জায়গা

.... বিধানসভা নির্বাচন ক্ষেত্রের

নির্বাচক নিবন্ধন আধিকারিক সমীপে

মহাশয়/ মহাশয়া,

আমি অনুরোধ করছি যে, আমার নাম উল্লিখিত বিধানসভা নির্বাচন ক্ষেত্রের নির্বাচক তালিকায় অন্তর্ভুক্ত করা হোক। নির্বাচক তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য আমার দাবির সমর্থনে প্রয়োজনীয় তথ্যাদি নীচে দেওয়া হল:

১। আবেদনকারীর বৃত্তান্ত		নাম (Name)	পদবি (থাকলে) {Surname (if any)}
	বাংলায়		
	(In English Block Capital Letters)		

বয়স: ১ জানুয়ারি ....# তে	বছর:	মাস:	লিঙ্গ (পুং/স্ত্রী/তৃতীয় লিঙ্গ):

জন্মতারিখ (জানা থাকলে)	তারিখ:	মাস:	সাল:	

জন্মস্থান	গ্রাম/শহর:	
	জেলা :	রাজ্য:

* পিতার/মাতার/ স্বামীর/গুরু নাম		নাম (Name)	পদবি (থাকলে){Surname (if any)}
	বাংলায়		
	(IN ENGLISH BLOCK CAPITAL LETTERS)		

২। বর্তমানে সাধারণ ভাবে বসবাসের স্থানের বিবরণ (পুরো ঠিকানা) (বাংলা ও ইংরাজিতে বড় অক্ষরে):	
বাড়ির নং (House/Door Number):	
সরণি/ এলাকা / পাড়া / মহল্লা/রাস্তা(Street/Area/ Locality /Mohalla/Road):	
শহর / গ্রাম (Town/Village):	
ডাকঘর (Post Office):	পিন কোড (Pin Code):
থানা (Tehsil / Taluka / Mandal / Thana):	
জেলা (District):	

৩। আবেদনকারীর পরিবারের অন্যান্য সদস্যের নাম ইতিমধ্যেই বর্তমান নির্বাচক তালিকায় অন্তর্ভুক্ত হলে তাঁদের বৃত্তান্ত:

নাম	আবেদনকারীর সঙ্গে সম্পর্ক	নির্বাচন ক্ষেত্রের নির্বাচক তালিকার অংশ নং	উক্ত অংশে নামের ক্রমিক নং	নির্বাচকের সচিত্র-পরিচয়পত্রের নং
১।				
২।				

সালটি লিখুন, যেমন- ২০১৫, ইত্যাদি।

* অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন।

৪। ঘোষণা

আমি আমার পূর্ণ জ্ঞান ও বিশ্বাস মতে এতদ্দ্বারা ঘোষণা করছি যে :-

(ক) আমি ভারতের নাগরিক;

(খ) ____________________ (তারিখ, মাস ও বছর) হতে অংশ-২-এ প্রদত্ত ঠিকানায় আমি সাধারণ ভাবে বসবাস করি;

(গ) অন্য কোনও নির্বাচনক্ষেত্রের নির্বাচক তালিকায় আমার নাম অন্তর্ভুক্ত করার জন্য আমি আবেদন করিনি;

(ঘ) * এই বা অন্য কোনও নির্বাচনক্ষেত্রের নির্বাচক তালিকায় আমার নাম ইতিমধ্যে অন্তর্ভুক্ত হয়নি।

অথবা

*____________________ রাজ্যে নিম্নোক্ত ঠিকানায়, আমি পূর্বে সাধারণ ভাবে বসবাস করতাম বলে উক্ত রাজ্যের ______________________________ বিধানসভা নির্বাচনক্ষেত্রের নির্বাচক তালিকায় আমার নাম অন্তর্ভুক্ত হয়ে থাকতে পারে এবং সেক্ষেত্রে উক্ত নির্বাচকতালিকা থেকে আমার নাম বাদ দেওয়ার জন্য অনুরোধ করছি।

পুরো ঠিকানা (পূর্বে সাধারণ ভাবে বসবাসের স্থানের বিবরণ)	নির্বাচকের সচিত্র-পরিচয়পত্র ইতিমধ্যে দেওয়া হয়ে থাকলে তার নম্বর ____________________ প্রদানের তারিখ ____________________

স্থান:

তারিখ: আবেদনকারীর সই বা টিপসই

আপনার মোবাইল ফোন নম্বর/ই-মেল আইডি থাকলে অনুগ্রহ করে তা এখানে লিখে দিন (ইচ্ছাধীন)/...

দ্রষ্টব্য: কোনও ব্যক্তি যদি এমন কোনও বিবৃতি দেন বা ঘোষণা করেন যা মিথ্যা, বা যা তিনি মিথ্যা বলে জানেন বা বিশ্বাস করেন, অথবা সত্য বলে বিশ্বাস করেন না, তা হলে তিনি ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ধারা-৩১ মতে দণ্ডনীয় হবেন (১৯৫০ সালের ৪৩ নম্বর)।

* অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন ।

গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিবরণ
(সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিককে পূরণ করতে হবে)

নির্বাচক তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য শ্রী / শ্রীমতী / কুমারী ______________________________ -র ৬-নং নির্দেশে প্রদত্ত আবেদনপত্রটি গ্রহণ*/ খারিজ* করা হল।[১৮* /২০*/২৬(৪)£ নম্বর নিয়ম মোতাবেক] গ্রহণ অথবা [১৭*/২০*/২৬(৪)£ নম্বর নিয়ম মোতাবেক] খারিজের যেসব কারণ দর্শানো হয়েছে সেসবের বিশদ বিবরণ:

স্থান: তারিখ:	নির্বাচক নিবন্ধন আধিকারিকের স্বাক্ষর	(নির্বাচক নিবন্ধন আধিকারিকের শিলমোহর)

£ নির্বাচক তালিকার চূড়ান্ত প্রকাশের পরে ধারাবাহিক সংশোধনের সময়ে প্রযোজ্য।

* অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন ।

ফিল্ডলেভেল অফিসার (যেমন - বিএলও, ডেজিগনেটেড অফিসার, সুপারভাইজরি অফিসার)-এর মন্তব্য

[এই পৃষ্ঠাটি যথেষ্ট পুরু হতে হবে যাতে ডাকপথে পৃষ্ঠাটি ছিঁড়ে না যায়/ক্ষতিগ্রস্ত না হয়]

গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবগতিপত্র
এই পৃষ্ঠায় দ্বিতীয় অংশটি সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিককে পূরণ করতে হবে এবং প্রথম অংশে উল্লিখিত আবেদনকারীর দেওয়া ঠিকানায় পাঠাতে হবে।

.... প্রথম ভাঁজ ....

প্রথম অংশ

পাঠানোর সময় নির্বাচক নিবন্ধন আধিকারিককে ডাকমাশুল স্ট্যাম্প লাগাতে হবে।

নিদর্শ-৬-এ প্রদত্ত............

** শ্রী / শ্রীমতী / কুমারী ____-র /এর আবেদনপত্রটি

**(পুরো ঠিকানা):							
বাড়ির নং:							
রাস্তা / এলাকা / পাড়া:							
শহর / গ্রাম:							
ডাকঘর:	পিন কোড:						
থানা:							
জেলা:							

**আবেদনকারীকে পূরণ করতে হবে।

.... দ্বিতীয় ভাঁজ ....

দ্বিতীয় অংশ

ক) গ্রহণ করা হল এবং শ্রী / শ্রীমতী / কুমারী ________________________________-র /এর নাম ________ নং বিধানসভা কেন্দ্রের ______________ নং অংশের ___________ __________ ক্রমিক নং নথিভুক্ত করা হল।

খ) ____ কারণে খারিজ করা হল।

তারিখ: _______________

নির্বাচক নিবন্ধন আধিকারিক
ঠিকানা _____________
____
____

.... আলাদা করার জন্য অনুক্রমিক ছিদ্র ....

আবেদনপত্রের প্রাপ্তিস্বীকার

নিদর্শ-৬-এ প্রদত্ত ** শ্রী / শ্রীমতী / কুমারী ______________________________-র /এর আবেদনপত্রটির প্রাপ্তিস্বীকার করা হল।

** ঠিকানা ....

তারিখ: _______________

নির্বাচক নিবন্ধন আধিকারিকের পক্ষে আবেদনপত্র গ্রহণকারী আধিকারিকের স্বাক্ষর
ঠিকানা _______________
____

** আবেদনকারীকে পূরণ করতে হবে।

আবেদন জানানোর জন্য নিদর্শ-৬ (ফর্ম-৬) কী ভাবে পূরণ করতে হবে সেই সংক্রান্ত নির্দেশিকা

সাধারণ নির্দেশাবলি

কে নিদর্শ-৬ (ফর্ম-৬)-এ আবেদন জানাতে পারেন ?

ক) যে-বছরের ১ জানুয়ারিকে ভিত্তি-তারিখ ধরে ভোটার তালিকার সংশোধন হচ্ছে, কোনও ব্যক্তি যিনি এই প্রথমবারের জন্য আবেদন জানাচ্ছেন তাঁর বয়স উক্ত তারিখে ১৮ বছর বা তার বেশি হতে হবে। উদাহরণস্বরূপ: ২০১৫-র ১ জানুয়ারিকে ভিত্তি-তারিখ ধরে পরিচালিত সংশোধনের ক্ষেত্রে, যে-ব্যক্তি ২০১৫-র ১ জানুয়ারি ১৮ বছর বয়স পূর্ণ করেছেন (অর্থাৎ ১৯৯৭-এর ১ জানুয়ারি বা তার পূর্বে যিনি জন্মগ্রহণ করেছেন) তিনি ভোটার তালিকায় নাম তোলার যোগ্য এবং সেই হেতু ৬ নং নিদর্শে আবেদন জানাতে পারেন।

খ) কোনও ভোটার যিনি তাঁর বর্তমান বিধানসভা নির্বাচন ক্ষেত্র থেকে অন্য বিধানসভা নির্বাচন ক্ষেত্রে সাধারণ ভাবে বসবাসের স্থান পরিবর্তন করেছেন।

কখন নিদর্শ-৬ (ফর্ম-৬)-এ আবেদন জানানো যাবে ?

সারা বছর ধরেই নাম তোলার জন্য আবেদনপত্র জমা করা যায়। ভোটার তালিকার সংশোধনের সময় বিধানসভা নির্বাচন ক্ষেত্রের খসড়া ভোটার তালিকা প্রকাশের পর দাবি ও আপত্তি জানানোর জন্য নির্দিষ্ট সময়পর্বের মধ্যে আবেদনপত্র জমা করতে হবে। সংশোধনের নির্ঘন্ট ঘোষিত হলে পরে আবেদনপত্র জমা দেওয়ার দিন-তারিখ জানিয়ে যথাযথ প্রচার চালানো হয়। সংশোধনের কাজ চলাকালীন আবেদনপত্রের কেবল এক কপিই জমা করতে হবে। সংশোধনের কাজ চালু না-থাকলে সেক্ষেত্রে আবেদনপত্রের দু' কপি লাগবে ।

কোথায় নিদর্শ-৬ (ফর্ম-৬)-এ আবেদন জানানো যাবে ?

ক) খসড়া ভোটার তালিকা প্রকাশের পরে সংশোধন চলাকালীন যে-বিনির্দিষ্ট স্থান (ডেজিগনেটেড লোকেশন)-এ খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয়েছে, সেই স্থানে (বেশির ভাগ ক্ষেত্রেই যা হল একটি ভোটগ্রহণ কেন্দ্র) আবেদনপত্র জমা করা যাবে। এ ছাড়াও, সংশ্লিষ্ট নির্বাচন ক্ষেত্রের নির্বাচক নিবন্ধন আধিকারিক (ইআরও) এবং সহকারী নির্বাচক নিবন্ধন আধিকারিক (এইআরও)-এর কাছে তা জমা করা যাবে। সংশ্লিষ্ট রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটে অনলাইনেও আবেদনপত্র জমা করা যায়।

খ) যখন সংশোধনের কাজ চালু না-থাকে, তখন কেবল সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিকের কাছেই আবেদনপত্র জমা করা যাবে অথবা অনলাইনে তা করা যাবে ।

কী ভাবে নিদর্শ-৬ (ফর্ম-৬) পূরণ করতে হবে ?

১। যে-বিধানসভা নির্বাচন ক্ষেত্রে নাম নিবন্ধ করতে চাইছেন, সেই নির্বাচন ক্ষেত্রের নির্বাচক নিবন্ধন আধিকারিকের সমীপে আবেদন জানাতে হবে। ফাঁকা জায়গাটিতে নির্বাচনক্ষেত্রের নাম লিখতে হবে।

২। নাম (তথ্য-ভিত্তিক প্রমাণ-সহ)

ভোটার তালিকা এবং সচিত্র-ভোটার কার্ড (এপিক)-এ যে-ভাবে নিজের নামটি ছাপা হওয়া দরকার সেই ভাবেই নামটি লিখতে হবে। পদবি ছাড়া পুরো নামটি প্রথম ঘরে এবং পদবি দ্বিতীয় ঘরটিতে লিখতে হবে। পদবি না-থাকলে কেবল নামই লিখুন। নাম বা পদবির অঙ্গ হিসাবে বর্ণের উল্লেখের প্রচলন না-থাকলে বর্ণের উল্লেখ করবেন না। শ্রী, শ্রীমতী, কুমারী, খান, বেগম, পণ্ডিত, ইত্যাদি উপাধির উল্লেখের কোনও প্রয়োজন নেই। সম্ভব হলে অনুগ্রহ করে ইংরাজি ও রাজ্যের সরকারি ভাষা উভয়তেই আপনার নাম উল্লেখ করুন।

৩। **বয়স ও জন্মতারিখ**

ক) যে-বছরের ১ জানুয়ারিকে ভিত্তি-তারিখ ধরে ভোটার তালিকার সংশোধন হচ্ছে, আবেদনকারীর বয়স উক্ত তারিখে ১৮ বছর বা তার বেশি হতে হবে। তারিখ-মাস-সালের ঘরে জন্মতারিখ সংখ্যায় লিখুন। যদি আবেদনকারীর বয়স ১৮ থেকে ২১ বছরের মধ্যে হয়ে থাকে, সেক্ষেত্রে বয়সের প্রামাণ্য নথি আবেদনপত্রের সংযুক্ত করতে হবে। জন্মতারিখের প্রমাণস্বরূপ যে-সব নথির কোন একটি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করা যায় সেগুলি হল:

১) উপযুক্ত পুর বা রেজিস্টার অব বার্থ অ্যান্ড ডেথ-এর জেলা কর্তৃপক্ষের দ্বারা প্রদত্ত জন্মের শংসাপত্র, অথবা ব্যাপ্টিজম সার্টিফিকেট, বা

২) আবেদনকারী সর্বশেষ যে-বিদ্যালয়ে পড়াশুনা করেছেন সেই সরকারি বা সরকার-স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানের দ্বারা প্রদত্ত জন্মের শংসাপত্র, বা

৩) দশম শ্রেণি বা তদূর্ধ্ব উত্তীর্ণ আবেদনকারীর ক্ষেত্রে দশম শ্রেণির মার্কশিট, যদি তাতে জন্মতারিখের উল্লেখ থাকে, বা

৪) অষ্টম শ্রেণি উত্তীর্ণ আবেদনকারীর ক্ষেত্রে ওই পরীক্ষার মার্কশিট, যদি তাতে জন্মতারিখের উল্লেখ থাকে, বা

৫) পঞ্চম শ্রেণি উত্তীর্ণ আবেদনকারীর ক্ষেত্রে ওই পরীক্ষার মার্কশিট, যদি তাতে জন্মতারিখের উল্লেখ থাকে, বা

৬) ভারতীয় পাসপোর্ট।

৭) প্যান কার্ড।

৮) ড্রাইভিং লাইসেন্স।

৯) আধার (UIDAI কর্তৃক প্রদত্ত)।

খ) উপরোক্ত কোনও একটিও নথি পাওয়া না-গেলে, আবেদনকারীর পিতা-মাতার যে-কোনও একজনের (উভলিঙ্গ-ভুক্ত ভোটারের ক্ষেত্রে গুরুর) Annexure I-এ বর্ণিত নির্দিষ্ট বয়ানে (যা নির্দেশিকা সঙ্গে সংযুক্ত) ঘোষণাপত্র সঙ্গে দেওয়া যেতে পারে। যে-সমস্ত ক্ষেত্রগুলিতে পিতা বা মাতার ঘোষণাপত্রকেই বয়সের প্রমাণ হিসাবে পেশ করা হচ্ছে সে-সমস্ত ক্ষেত্রে বয়স যাচাই করার জন্য আবেদনকারীকে অবশ্যই বি.এল.ও/এ.ই.আরও/ই আরও-র নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হতে হবে। আরও কী, উপরোক্ত কোনও একটিও নথি না-থাকলে এবং আবেদনকারীর পিতা-মাতার কেউই বেঁচে না-থাকলে, আবেদনকারী সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান বা পুরসভা/পুরনিগমের সদস্যর দেওয়া বয়সের শংসাপত্র আবেদনত্রের সঙ্গে সংযুক্ত করতে পারেন।

গ) যে-ক্ষেত্রে আবেদনকারীর বয়স ২১ বছরের বেশি এবং বিএলও/ এইআরও/ ইআরও-র নিকট শারীরিকভাবে তা প্রতীয়মাণ, আবেদনকারীর দ্বারা বয়সের ঘোষণা বয়সের প্রমাণ হিসেবে গ্রাহ্য হবে এবং সেক্ষেত্রে প্রামাণ্য কোনও নথি দাখিল করার উপর জোড়াজুড়ি কাম্য নয়। যে-বছরে ১ জান্যুয়ারিকে ভিত্তি-তারিখ ধরে ভোটার তালিকার সংশোধন হচ্ছে, সেই দিনকে ভিত্তি করে বছর ও পুরো মাসে বয়স ভেঙে আবেদনকারীর বয়স উল্লেখ করতে হবে।

৪। লিঙ্গ

সংশ্লিষ্ট ঘরে আপনার লিঙ্গ, যেমন - পুরুষ / নারী, পুরো লিখুন। আবেদনকারী পুরুষ বা নারী হিসেবে চিহ্নিত হতে না-চাইলে নিজের লিঙ্গ হিসেবে ‘তৃতীয় লিঙ্গ’ উল্লেখ করতে পারেন।

৫। জন্মস্থান

অনুগ্রহ করে গ্রাম/শহর, জেলা ও রাজ্যের নাম উল্লেখ করবেন।

৬। সম্পর্কিত ব্যক্তির নাম

আবেদনকারী এক জন অবিবাহিত নারী হলে, পিতার/মাতার নাম উল্লেখ করতে হবে। আর বিবাহিত নারী হলে স্বামীর নাম উল্লেখ করতে হবে। অপ্রয়োজনীয় বিকল্পগুলি কেটে দিন।

৭। সাধারণ ভাবে বসবাসের স্থান

ক) আপনি যে-ঠিকানায় সাধারণ ভাবে বসবাস করেন, নামের নিবন্ধনের জন্য নির্দিষ্ট ঘরে পিনকোড-সহ সেই ঠিকানাটি পুরো লিখুন। সাধারণ ভাবে বসবাসের স্থানের প্রমাণস্বরূপ যে-সকল নথির কোনও একটির প্রতিলিপি জুড়তে হবে সেসব নিম্নরূপ:

১) ব্যাঙ্ক / কিষাণ / পোষ্টঅফিসের কারেন্ট পাসবুক, বা
২) রেশন কার্ড
৩) পাসপোর্ট
৪) ড্রাইভিং লাইসেন্স
৫) ইনকাম ট্যাক্স অ্যাসেসমেন্ট অর্ডার, বা
৬) ভাড়া সংক্রান্ত সাম্প্রতিক চুক্তিপত্র
৭) ওই ঠিকানায় আবেদনকারী বা তাঁর নিকটতম সম্পর্কের কোনও ব্যক্তি, যেমন-পিতা / মাতা-র নামে পাঠানো সাম্প্রতিক (Latest) জলের / টেলিফোনের / বিদ্যুতের / গ্যাস কানেকশনের বিল, বা
৮) ওই ঠিকানায় ভারতীয় ডাক বিভাগের মাধ্যমে আবেদনকারীকে পাঠানো অথবা তাঁর পাওয়া চিঠিপত্র।

খ) গৃহহীন ব্যক্তি যাঁর কিনা উপরোক্ত কোনও একটি নথিও নেই, তাঁর ক্ষেত্রে নিদর্শ-৬-এ প্রদত্ত ঠিকানায় বিএলও রাতে গিয়ে দেখবেন, যে প্রকৃতই ওই ব্যক্তি নিদর্শ-৬-এ প্রদত্ত ঠিকানায় রাতে ঘুমান কি না। যদি বিএলও সত্যতা যাচাই করতে সমর্থ হন যে, ওই গৃহহীন ব্যক্তি প্রকৃতই ওই স্থানে ঘুমান, তা হলে বসবাসের ঠিকানার কোনও প্রমাণপত্র লাগবে না। এই সত্যতা যাচাইয়ের জন্য বিএলও অবশ্যই একাধিক রাত ওই স্থানে যাবেন।

গ) শিক্ষাস্থলে, অর্থাৎ শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হস্টেল বা মেসবাড়ি, বা অন্যত্র অধিষ্ঠিত কোনও ছাত্র বা ছাত্রী তাঁর পিতা-মাতার সঙ্গে জন্মস্থানে অথবা পড়াশুনা চলাকালীন হস্টেল বা মেসবাড়ির ঠিকানায় ভোটার হিসাবে তাঁর নামের নিবন্ধনের সুযোগ পাবেন। শিক্ষা-কোর্সটি কেন্দ্রীয় সরকার / রাজ্য সরকার / পর্ষদ / বিশ্ববিদ্যালয় / ডিমড্ বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত হতে হবে এবং কোর্সটির মেয়াদ এক বছরের কম হলে হবে না। হস্টেল বা মেসবাড়ির ঠিকানায় নাম তুলতে ইচ্ছুক ছাত্র বা ছাত্রীকে প্রধান শিক্ষক / অধ্যক্ষ / ডিরেক্টর / নিবন্ধক / শিক্ষা প্রতিষ্ঠানের ডিন কর্তৃক (Annexure II-এ বর্ণিত বয়ানে) প্রদত্ত একটি শংসাপত্র আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৮। আবেদনকারীর পরিবারের অন্যান্য সদস্যের নাম ইতিমধ্যেই ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হলে তাঁদের বৃত্তান্ত

নিকটতম সম্পর্কের কোনও ব্যক্তি, যেমন-পিতা/মাতা/সহোদর ভাই/সহোদর বোন/স্বামী/স্ত্রী-র নাম বর্তমান ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হলে তাঁর নাম ও অন্যান্য বৃত্তান্ত লিখুন। অন্য কোনও আত্মীয় / আত্মীয়ার নাম-বৃত্তান্ত লিখবেন না।

৯। ঘোষণা

ক) যে-তারিখ থেকে আপনি বর্তমান ঠিকানায় বসবাস করছেন সেই তারিখটি উল্লেখ করুন। সঠিক তারিখ জানা না-থাকলে, বছর ও মাসে ভেঙে বসবাসের সময়কাল উল্লেখ করুন ।

খ) আপনার নাম ইতিমধ্যেই অন্য কোনও বিধানসভা নির্বাচন ক্ষেত্রের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হলে, পিন কোড-সহ পূর্বের সেই ঠিকানাটি এমন ভাবে লিখুন যাতে তার পাঠোদ্ধার সহজসাধ্য হয়।

গ) যদি ইতিমধ্যেই নির্বাচন কমিশন কর্তৃক আপনাকে সচিত্র-ভোটার কার্ড দেওয়া হয়ে থাকে, তা হলে কার্ডের (সম্মুখ ভাগে ছাপা) নম্বর এবং (পশ্চাত ভাগে ছাপা) প্রদানের তারিখটি নির্দিষ্ট ঘরে উল্লেখ করুন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটে আপনি আপনার সচিত্র-ভোটার কার্ডের নম্বর মিলিয়ে নিতে পারেন।

১০। বিবিধ

ক) অনুগ্রহ করে আপনি আপনার আবেদনপত্রে প্রয়োজনীয় সকল বৃত্তান্ত উল্লেখ করুন। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিলযোগ্য বলে গণ্য হবে ।

খ) অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার/জ্ঞাতকরণ অংশে সম্পূর্ণ নাম ও ঠিকানা লিখবেন।

গ) অনুগ্রহ করে আপনার মোবাইল নম্বর এবং ই-মেল (যদি ইচ্ছা করেন) লিখবেন, যাহাতে সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিক প্রয়োজন পড়লে আবেদনকারীর সঙ্গে যোগাযোগ করতে পারেন।